গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
রাঙ্গামাটি সদর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
ওয়েব সাইট- www.dls.sadar.gov.bd; ই-মেইল-ulorangamati@dls.gov.bd

স্মারক নং- ৩৩.০১.৮৪৮৭.০০০.১১.০০৩.২২-৪৪২ তারিখ-২৪/০৮/২২খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা প্রাণিসম্পদ অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা, মহোদয়ের অফিস স্মারক নং- ৩৩.০১.৮৪০০.০০০.০৫.০১০.২২-৮৭০; তারিখ-২৩/০৮/২২ইং অনুসারে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, রাঙ্গামাটি সদর, রাঙ্গামাটি পার্বত্য জেলা- এর অর্ন্তগত বালুখালী, মগবান, জীবতলি এবং কুতুকছড়ি এই চার (০৪) ইউনিয়নে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ ও ভ্রুণ স্থানান্তর প্রযুক্তি বাস্তবায়ন প্রকল্প (৩য় পর্যায়, ১ম সংশোধিত) এর আওতায় কৃত্রিম প্রজনন টেকনিশিয়ান (এ,আই টেকনিশিয়ান) নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীদের থেকে নিম্ন স্বাক্ষরকারী বরাবর **আগামী ১১/০৯/২২ইং তারিখ** অফিস চলাকালীন সময়ের মধ্যে সাদা কাগজে আবেদনকারীর নাম, পিতার নাম সহ বর্তমান ও স্থায়ী ঠিকানা, যোগ্যতা, অভিজ্ঞতার বিবরণ, জন্ম তারিখ উল্লেখপূর্বক নিম্ন বর্ণিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা হলো।

১) আবেদনকারীর যোগ্যতা

| | |
|---|---|
| ক) | এসএস সি পাশ বা সমমান (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার) |
| খ) | যে ইউনিয়ন পয়েন্ট স্থাপিত হবে সেই ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। |
| গ) | উচ্চতর শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ঘ) | বয়স- সর্বোচ্চ ৪০ বছর |
| ঙ) | কৃত্রিম প্রজনন কাজের প্রতি আগ্রহী ও পরিশ্রমী বেকার যুবক |

২) আবেদন পত্রের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে

| | |
|---|---|
| ক) | সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ পত্র। |
| খ) | নাগরিকত্ব সনদ পত্র (ইউ পি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত) |
| গ) | চারিত্রিক সনদ পত্র ( গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত) |
| ঘ) | ০২ (দুই) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি ( হালনাগাদ তোলা ছবি) |
| ঙ) | অন্যান্য যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র |
| চ) | বয়স প্রমাণের ক্ষেত্রে এস এস সি পাস সার্টিফিকেট গ্রহণ যোগ্য। |

বিঃদ্রঃ- ভুল/আংশিক/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

২৪/০৮/২২

(ডাঃ লেনিন দে)
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
রাঙ্গামাটি সদর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

স্মারক নং- ৩৩.০১.৮৪৮৭.০০০.১১.০০৩.২২-৪৪২(১২) তারিখ-২৪/০৮/২২খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণঃ-(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। মাননীয় চেয়ারম্যান, রাঙ্গামাটি জেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩। জেলা প্রাণিসম্পদ অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৪। উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৫। প্রকল্প পরিচালক, এ,আই,ই,টি প্রকল্প (৩য় পর্যায়, ১ম সংশোধিত), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গামাটি সদর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৭। উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গামাটি সদর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৮-১১। চেয়ারম্যান, বালুখালী/মগবান/জীবতলি/কুতুকছড়ি ইউনিয়ন পরিষদ,সদর, রাঙ্গামাটি - নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার ইউনিয়নে বহুল প্রচারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।
১২। দপ্তর নথি।

(ডাঃ লেনিন দে)
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
রাঙ্গামাটি সদর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

CamScanner

কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ ও ভ্রূণ স্থানান্তর প্রযুক্তি বাস্তবায়ন প্রকল্প (৩য় পর্যায়, ১ম সংশোধিত)
প্রাণিসম্পদ অধিদপ্তর (২য় ভবন, ৫ম তলা), কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা-১২১৫।
ফোন- ০২ ৫৮১৫৫২৩০, ০২ ৯১৩১৭৩৪;
E-mail- aietprojectdls@gmail.com

## ইউনিয়ন কৃত্রিম প্রজনন টেকনিশিয়ান নির্বাচন এবং এ.আই পয়েন্ট স্থাপন সংক্রান্ত নীতিমালা

১) ইউনিয়ন কৃত্রিম প্রজনন টেকনিশিয়ান নির্বাচনের জন্য 'কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ ও ভ্রূণ স্থানান্তর প্রযুক্তি বাস্তবায়ন প্রকল্প (৩য় পর্যায়, ১ম সংশোধিত)' এর অনুমোদিত ডিপিপি'র ১৪ নং পাতায় নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে প্রত্যেক জেলায় একটি করে জেলা নির্বাচন কমিটি গঠিত হয়েছে।

| | | |
|---|---|---|
| ক) | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সভাপতি |
| খ) | জেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| গ) | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ঘ) | ভেটেরিনারি সার্জন (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ঙ) | উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র. | সদস্য-সচিব |

কমিটির সদস্য সচিব সভাপতির সাথে আলোচনা করে দ্রুত এ.আই টেকনিশিয়ান নির্বাচন প্রক্রিয়া শুরু করবেন। কমিটি সম্পূর্ণ নিরপেক্ষভাবে সঠিক ও যোগ্য প্রার্থী নির্বাচন করবে। কমিটি প্রয়োজন মনে করলে নতুন সদস্য কো-অপট করতে পারবে।

২। উক্ত কমিটি স্থানীয়ভাবে বহুল প্রচারের মাধ্যমে এ.আই টেকনিশিয়ান নির্বাচনের জন্য দরখাস্ত আহবান করবেন। আবেদনকারী সাদা কাগজের নাম, পিতার নাম সহ বর্তমান ও স্থায়ী ঠিকানা, যোগ্যতা, অভিজ্ঞতার বিবরণ, জন্ম তারিখ উল্লেখ পূর্বক কমিটির সভাপতি বরাবর আবেদন করবেন এবং তা সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ অফিসে নির্ধারিত সময়ে জমা দিবেন।

৩। আবেদনকারীর যোগ্যতা (ডিপিপি'র ১৪ নং পাতা অনুযায়ী)ঃ

| | |
|---|---|
| ক) | এস.এস.সি পাশ বা সমমান (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার) |
| খ) | যে ইউনিয়ন পয়েন্ট স্থাপিত হবে সেই ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে |
| গ) | উচ্চতর শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে |
| ঘ) | বয়স- সর্বোচ্চ ৪০ বৎসর |
| ঙ) | কৃত্রিম প্রজনন কাজের প্রতি আগ্রহী ও পরিশ্রমী বেকার যুবক |

৪। আবেদন পত্রের সাথে যে সকল কাগজ পত্র সংযুক্ত করতে হবে।

| | |
|---|---|
| ক) | শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ পত্র। |
| খ) | নাগরিকত্ব সনদ পত্র (ইউ.পি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত) |
| গ) | চারিত্রিক সনদপত্র (গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত) |
| ঘ) | ০২ (দুই) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি (হালনাগাদ তোলা ছবি) |
| ঙ) | অন্যান্য যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র। |
| চ) | বয়স প্রমাণের ক্ষেত্রে এস.এস.সি পাশ সার্টিফিকেট গ্রহণ যোগ্য। |

৫। আবেদনকারী সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নিকট আবেদন পত্র দাখিল করবেন। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাগণ প্রার্থীর আবেদন যাচাই পূর্বক জেলা কমিটির সভাপতি/সদস্য সচিবের নিকট 'যাচাই প্রত্যয়ন' সহ প্রেরণ করবেন।

৬। জেলা কমিটি সকল বৈধ ও সঠিক আবেদন পত্র সমূহ যাচাই পূর্বক প্রার্থীদের মৌখিক পরীক্ষার ব্যবস্থা করবেন। প্রতি পয়েন্টের জন্য একজন মূখ্য ও একজন বিকল্প প্রার্থী নির্বাচন করবেন। এ নির্বাচন প্রাথমিক নির্বাচন বলে গণ্য হবে। নির্বাচনী কার্যক্রম সমাপনান্তে বিশেষ দূত মারফত নির্বাচিত স্বেচ্ছাসেবীদের তালিকা প্রকল্প পরিচালকের নিকট প্রেরণ করবেন।

CamScanner

৭। প্রাপ্ত আবেদন পত্রগুলো বাছাই করত কেন্দ্রীয় কমিটি (ডিপিপি'র পৃষ্ঠা-১৪ উল্লেখিত) এ.আই টেকনিশিয়ান দেরকে প্রাথমিকভাবে প্রশিক্ষণের জন্য নির্বাচিত করবেন।

| | | |
|---|---|---|
| ক) | পরিচালক, কৃত্রিম প্রজনন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা | সভাপতি |
| খ) | ট্রেনিং কোর্স কো-অর্ডিনেটর | সদস্য |
| গ) | প্রকল্প পরিচালক, এআই ইটি প্রকল্প (৩য় পর্যায়, ১ম সংশোধিত) | সদস্য সচিব |

এই কমিটি প্রয়োজনে নতুন ২ (দুই) জন সদস্য কো-অপট করাতে পারবে।

৮। কেন্দ্রীয় কমিটি কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচিত স্বেচ্ছাসেবীগণকে যথাসময়ে প্রশিক্ষণের জন্য ডাকা হবে।

৯। প্রশিক্ষণের জন্য নির্বাচিত স্বেচ্ছাসেবীদেরকে সাভার/রাজশাহী এ.আই ল্যাবরেটরীতে ০৪ মাস এবং নিজ নিজ উপজেলা প্রাণিসম্পদ অফিসে হাতে কলমে ০২ মাস সহ মোট ০৬ মাস প্রশিক্ষণ দেয়া হবে।

১০। যে সকল প্রশিক্ষণার্থীগণকে সাভার কেন্দ্রে প্রশিক্ষণ দেয়া হবে তাদের প্রশিক্ষণকালীন সময়ে কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামারে অবস্থিত এ.আই হোস্টেলে অবস্থান বাধ্যতামূলক। রাজশাহী কেন্দ্রে সরকারী সিদ্ধান্ত মোতাবেক আবাসনের ব্যবস্থা করা হবে।

১১। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে থাকা-খাওয়া ও বয়া বাবুর্চির খরচ মিটানোর জন্য প্রতিমাসে ৯,০০০/- (নয় হাজার) টাকা হিসেবে মোট ০৪ (চার) মাস ভাতা প্রদান করা হবে। সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ অফিসে পরবর্তী ০২ (দুই) মাসের জন্য প্রতিমাসে ৫০০/- (পাঁচশত) টাকা হারে শুধুমাত্র ভ্রমণ ভাতা দেয়া হবে।

১২। ছয় মাসের প্রশিক্ষণ সফলতার সাথে সমাপ্তকারীগণকে সনদ পত্র প্রদান করা হবে এবং ইউনিয়ন পর্যায়ে কৃত্রিম প্রজনন টেকনিশিয়ান (স্বেচ্ছাসেবী) হিসেবে চূড়ান্তভাবে নির্বাচন করে প্রজনন কাজের যাবতীয় সুযোগ সুবিধাদিসহ (পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর এর অধীনে ন্যাস্ত করার মাধ্যমে) নিজ নিজ ইউনিয়ন পয়েন্টে কাজের অনুমতি দেয়া হবে।

১৪। কাজের অনুমতি প্রাপ্ত গণ সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এবং উপপরিচালক (কৃত্রিম প্রজনন) এর নির্দেশনা মোতাবেক কাজ করবেন।

১৫। পয়েন্টের কার্যক্রম চালু হলে নিয়মিতভাবে সরকারের নির্ধারিত ফি ও প্রতিবেদন দাখিল নিশ্চিত করতে হবে এবং এ ব্যাপারে স্বেচ্ছাসেবীর সাথে একটি চুক্তিনামা সম্পাদন করতে হবে।

১৬। শুধুমাত্র তালিকাভুক্ত ইউনিয়ন (অনুমোদিত ডিপিপি অনুযায়ী সংযুক্ত) থেকে এ.আই টেকনিশিয়ান নির্বাচন করতে হবে। এখানে উল্লেখ্য যে, তিন মাসের প্রশিক্ষণ সনদ ছাড়া কোন এ.আই টেকনিশিয়ান প্রকল্প হতে নির্ধারিত ভাতাদি পাবেন না।

১৪/১১/২০২২

(ডাঃ মোঃ জসিম উদ্দিন)
প্রকল্প পরিচালক
কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ ও ভ্রূণ স্থানান্তর
প্রযুক্তি বাস্তবায়ন প্রকল্প (৩য় পর্যায়, ১ম সংশোধিত)
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

১৩/১১/২২

CamScanner